

সমকাল

'বিশ্ববিদ্যালয় সনদ বিক্রির দোকান হতে পারে না'

সিটি ইউনিভার্সিটির সমাবর্তন

৯ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর নানা অনিয়ম ও অব্যবস্থাপনার বিষয় উল্লেখ করে বাংলাদেশ মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয় সনদ (সার্টিফিকেট) বিক্রির দোকান হতে পারে না। তিনি বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় মানসম্মত শিক্ষাদানে সক্ষম হচ্ছে না। অনেক বিশ্ববিদ্যালয়ে ব্যবস্থাপনাজনিত দুর্বলতা রয়েছে। অনেকগুলোতে যোগ্য শিক্ষকের অভাব রয়েছে। নেই ভালো গ্রন্থাগার। পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাবে শিক্ষার মান কাঙ্ক্ষিত স্তরে পৌঁছানো সম্ভব হচ্ছে না। গতকাল রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সিটি ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে তিনি এসব কথা বলেন।

আব্দুল মান্নান বলেন, বিশ্ববিদ্যালয়কে হতে হবে নতুন জ্ঞান সৃষ্টি ও জ্ঞান ধারণের একটি মূল্যবান প্রতিষ্ঠান। নিজেদের স্বার্থেই এসব বিশ্ববিদ্যালয়কে তাদের সব সমস্যার সমাধান করে আর্দশ বিশ্ববিদ্যালয়ে পরিণত হতে হবে।

নতুন গ্র্যাজুয়েটদের শুভেচ্ছা জানিয়ে ইউজিসি চেয়ারম্যান বলেন, একজন আলোকিত মানুষ হয় অসাম্প্রদায়িক, সত্যানুসন্ধানী, সহনশীল, মানবিক ও মূল্যবোধ সম্পন্ন। তার জন্য তাকে জানতে হয় নিজের মাতৃভাষা, ইতিহাস ও ঐতিহ্য, বিশ্বসভ্যতা, দর্শনসহ নানা বিষয়। তিনি আশা প্রকাশ করেন, বিশ্ববিদ্যালয় এসব জিনিস শিক্ষার্থীদের শিখিয়েছে।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেন, আজ যারা এখান থেকে ডিগ্রি নিয়ে বের হচ্ছে, তারা অর্জিত জ্ঞান ও মেধা দেশ ও জাতির কল্যাণে কাজে লাগাবে। মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তোলার আহ্বান জানান তিনি। সমাবর্তনে স্নাতক পর্যায়ে তিন হাজার ৬১ জন ও স্নাতকোত্তর পর্যায়ে ৪৭১ জনকে ডিগ্রি প্রদান করা হয়। এ ছাড়া সম্মিলিত মেধা তালিকায় সেরা তিনজনকে চ্যাম্পেলর স্বর্ণ পদক তুলে দেওয়া হয়। স্বর্ণ পদকপ্রাপ্তরা হলেন- ইংরেজি বিভাগের ছাত্রী শিরীন শিলা, বিবিএ বিভাগের আমবারিন খান ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রী মোরশেদা খাতুন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শাহ ই আলম, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মকবুল হোসেন, ট্রাস্টি সদস্য, সিভিকিট সদস্য, একাডেমি কাউন্সিলর, বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।